

**টিবি মুক্ত পঞ্চায়েত
রাজ্যভিত্তিক কর্মসূচির সূচনা**



টিবি মুক্ত পঞ্চায়েত গড়ার লক্ষ্যে রাজ্যভিত্তিক কর্মসূচির সূচনা হয়েছে। জাতীয় স্বাস্থ্য মিশন, ত্রিপুরা এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ১নং প্রেক্ষাগৃহে এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন হয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, মুখ্যসচিব জে কে সিনহা, স্বাস্থ্য দপ্তরের সচিব ডা. দেবাশিস বসু, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা. সুভাশিস দেববর্মা, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের অধিকর্তা ডা. সুপ্রিয়া মল্লিক, জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন অধিকর্তা সুভাশিস দাস, ধলাই জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সবাল, উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক নাগেশ কুমার বি, বিশ্ব স্বাস্থ্য সংস্থার রিজিওন্যাল টিম লিডার ডা. ডি ডেকা প্রমুখ। রাজ্যভিত্তিক কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে ‘আমরা টিবি রোগ নির্মূল করবো’ এই ভাবনাকে সামনে রেখে রাজ্যের পঞ্চায়েতীরাজ প্রতিষ্ঠানকে যুক্ত করে টিবি মুক্ত পঞ্চায়েত গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করা হয়। এই কর্মসূচিতে টিবি রোগের চিকিৎসা সম্পর্কিত বিষয়ে পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধিদের কর্মশালার মাধ্যমে সম্যকভাবে অবহিত করা হবে।

অনুষ্ঠানে অতিথিগণ ‘টিবি মুক্ত পঞ্চায়েত গঠনের লক্ষ্যে ত্রিপুরা’ শীর্ষক একটি পুস্তিকার আনুষ্ঠানিক সূচনা করেন। অনুষ্ঠানে টিবি রোগ নির্মূলীকরণ কর্মসূচিতে সাফল্যের নিরিখে বিভিন্ন জেলাকে সম্মানিত করা হয়।